রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৫, ২০২০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর, ও, নং ৫৬-আইন/আয়কর/২০২০।**—যেহেতু Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধীন দ্বৈত করারোপণ পরিহার এবং আয়ের উপর কর সম্পর্কিত রাজস্ব ফাঁকি প্রতিরোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় ভুটান সরকার এর মধ্যে ১৮ এপ্রিল , ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ), অতঃপর উক্ত চুক্তি বলিয়া উল্লিখিত, স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত চুক্তির বিধানাবলি বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু Income Tax Ordinance, 1984 এর Section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা বিধান করিল যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত চুক্তির (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) বিধানাবলি ১ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ হইতে বাংলাদেশে কার্যকর হইবে, যথা :—



মূল্য : টাকা ৪৪.০০

S.R.O. No. 56/2020 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

তফসিল

চুক্তি

**(বাংলা পাঠ)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**এবং**

**রাজকীয় ভুটান সরকারের**

**মধ্যে**

**আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য**

**চুক্তি**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং রাজকীয় ভুটান সরকার পারস্পরিক অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং রাজস্ব ফাঁকি প্রতিরোধের জন্য চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে নিম্নরূপ বিষয়ে সম্মত হইল:**

**অনুচ্ছেদ ১**

**আওতাভুক্ত ব্যক্তিবর্গ**

চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসীদের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে।

**অনুচ্ছেদ ২**

**আওতাভুক্ত করসমূহ**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের অথবা উহার রাজনৈতিক উপ-বিভাগ অথবা উহার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যেভাবেই ধার্য হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। এই চুক্তির আওতায় আয়কর অর্থ মোট আয়ের উপর অথবা আয়ের উপাদানের উপর ধার্যকৃত সকল কর, যাহার মধ্যে স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে প্রাপ্ত মুনাফা এবং মোট মজুরি অথবা বেতনের উপর কোন উদ্যোগ কর্তৃক প্রদত্ত করও অন্তর্ভুক্ত হইবে।

৩। এই চুক্তি বিদ্যমান যে সকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, উহা নিম্নরূপ:

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ক্ষেত্রে, আয়কর;

(অতঃপর "বাংলাদেশ কর" বলিয়া উল্লিখিত);

(খ) রাজকীয় ভুটান সরকারের ক্ষেত্রে, আয়কর ও অধিশুল্ক(সারচার্জ);

(অতঃপর "ভুটান কর" বলিয়া উল্লিখিত)।

৪। চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর এই চুক্তির বিধানাবলি চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্রে বলবৎ আইনের অধীন বিদ্যমান করসমূহের অতিরিক্ত বা তৎপরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলত একই ধরনের করসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ উহাদের স্ব স্ব কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ-৩**
**সাধারণ সংজ্ঞাসমূহ**

১। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে:

(ক) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র'' এর অর্থ প্রসঙ্গ অনুযায়ী বাংলাদেশ অথবা ভুটান;

(খ) "বাংলাদেশ" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানা এবং ইহার অন্তর্ভুক্ত সমুদ্রসীমা ও উপরিভাগের আকাশসীমা এবং যে কোন জলসীমা অঞ্চল যাহার উপর সমুদ্র আইন, জাতিসংঘ সনদসহ যে কোন আন্তর্জাতিক আইন এবং বাংলাদেশের আইনানুসারে সার্বভৌম ক্ষমতা, অন্যান্য অধিকার ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার প্রয়োগ করা যায় ;

(গ) ''ভুটান" অর্থ ভুটানের রাষ্ট্রীয় সীমানা এবং ইহার অর্ন্তভুক্ত উপরিভাগের আকাশ সীমা ও অন্য যে কোন এলাকা যাহার উপর আন্তর্জাতিক আইন ও ভুটানের আইন অনুযায়ী সার্বভৌম ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার প্রয়োগ করা যায় ;

(ঘ) ''কোম্পানি'' অর্থ করারোপণের উদ্দেশ্যে কোন সংবিধিবদ্ধ সংস্থা অথবা সংবিধিবদ্ধ সংস্থা রূপে গণ্য অন্য কোন সত্তা;

(ঙ) ''উপযুক্ত কর্তৃপক্ষ'' অর্থ:

(অ) বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

(আ) ভুটানের ক্ষেত্রে, অর্থমন্ত্রী অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

(চ) ''চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগ'' এবং ''চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ" অর্থ চুক্তি সম্পাদনকারী যে কোন এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ;

(ছ) ''আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা" অর্থ চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্রের উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন নৌ-পরিবহন অথবা বিমান পরিবহন, তবে কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহন অথবা বিমান পরিবহন ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(জ) ''নাগরিক'' অর্থ:

(অ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকত্বধারী সকল ব্যক্তি;অথবা

(আ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় সরকার ব্যবস্থায় বিদ্যমান আইনানুসারে অর্জিত মর্যাদাসম্পন্ন আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব, সংঘ অথবা অন্যান্য সত্তা;

(ঝ) ''পেনশন স্কিম" অর্থ চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে প্রতিষ্ঠিত এইরূপ যে কোন পরিকল্পনা, স্কিম, তহবিল, ট্রাস্ট অথবা ব্যবস্থা যাহা সাধারণত উক্ত রাষ্ট্রে করমুক্ত এবং যাহা মূলত অবসর-ভাতা বা অবসরকালীন সুবিধা প্রদান বা অনুরূপ এক বা একাধিক ব্যবস্থার সুবিধার্থে আয় প্রাপ্তির জন্য পরিচালিত হইয়া থাকে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ঞ) ''ব্যক্তি'' অর্থে কোন স্বতন্ত্র ব্যক্তি, কোম্পানি, অংশীদারিত্ব, অন্য কোন আইনগত সত্তা, কোন সমিতি এবং অন্য কোন ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত হইবে;

(ট) ''কর'' অর্থ, প্রসঙ্গের প্রয়োজনে, বাংলাদেশ কর অথবা ভুটান কর।

২। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নতর না হইলে, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তির বিধানাবলি কার্যকর করার ক্ষেত্রে এই চুক্তিতে সংজ্ঞায়িত হয় নাই এইরূপ কোন কিছুর অর্থ নির্ধারণের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী উক্ত দেশে যে সকল করের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য সেই সকল আইনে উক্ত বিষয়ে প্রদত্ত অর্থ অথবা অন্যান্য আইনে এই বিষয়টি সংজ্ঞায়িত থাকিলে কর আইনে প্রদত্ত অর্থকে প্রাধান্য প্রদানপূর্বক প্রাপ্ত অর্থকে গ্রহণ করিতে হইবে।

## অনুচ্ছেদ ৪
## নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে ''চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের নিবাসী'' অর্থ এইরূপ কোন ব্যক্তি যিনি, রাষ্ট্রের আইন অনুসারে, স্থায়ী নিবাস, অস্থায়ী আবাস স্থল, ব্যবস্থাপনার স্থান, অথবা অনুরূপ প্রকৃতির কোন নীতি অনুযায়ী করারোপযোগ্য এবং চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের সরকার এবং উহার রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় কর্তৃপক্ষও চুক্তিসম্পাদনকারী কোন এক রাষ্ট্রের নিবাসী হিসাবে অন্তর্ভুক্ত হইবে। এই বিধান কেবলমাত্র উক্ত রাষ্ট্রে আয়ের উৎসের উপর করারোপযোগ্য কোন ব্যক্তির উপর প্রযোজ্য হইবে না।

২। যেক্ষেত্রে দফা ১ এর বিধানাবলির কারণে কোন স্বতন্ত্র ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হিসাবে বিবেচিত হন, সেইক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে তাহার মর্যাদা নির্ধারিত হইবে:

(ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজস্ব স্থায়ী বাড়ি রহিয়াছে তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন; চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাঁহার স্থায়ী বাড়ি থাকিলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাঁহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে উহা নির্ণয় করা সম্ভব না হইলে, অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাঁহার নিজস্ব কোন স্থায়ী বাড়ি না থাকিলে, তিনি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন;

(গ) চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করিলে, অথবা উহাদের কোনটিতেই বসবাস না করিলে, তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক কেবলমাত্র সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(ঘ) দফা-২ এর (ক), (খ) ও (গ) এর আওতাধীন নহে এইরূপ অন্যান্য ক্ষেত্রে, চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিষয়টি মীমাংসা করিবেন।

৩। দফা ১ এর বিধানাবলির কারণে স্বতন্ত্র ব্যক্তি ব্যতীত, অন্য কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হইলে উক্ত ব্যক্তি কেবলমাত্র সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ ৫**
**স্থায়ী প্রতিষ্ঠান**

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ''স্থায়ী প্রতিষ্ঠান'' অর্থ ব্যবসার সেইরূপ নির্দিষ্ট স্থান যে স্থানে উক্ত উদ্যোগের ব্যবসা সামগ্রিক বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। ''স্থায়ী প্রতিষ্ঠান''অর্থে বিশেষভাবে নিম্নরূপ বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে:

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা;

(গ) অফিস;

(ঘ) কারখানা;

(ঙ) কর্মশিবির;

(চ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান ও আহরণের জন্য ভূগর্ভস্থ খাদ অথবা অন্য কোন স্থান;

(ছ) বিক্রয় কেন্দ্র।

৩। ''স্থায়ী প্রতিষ্ঠান'' অর্থে নিম্নরূপ বিষয়সমূহও অন্তর্ভুক্ত হইবে:

(ক) এককালীন বা সমষ্টিগতভাবে ১৮৩ (একশত তিরাশি) দিনের অধিককাল বিদ্যমান রহিয়াছে এইরূপ কোন নির্মাণক্ষেত্র, কোন নির্মাণ, সংযোজন অথবা ইন্সটলেশন প্রকল্প অথবা উহার সহিত সম্পৃক্ত তদারকি কার্যক্রম, যাহার মধ্যে গভীর সমুদ্রে প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান কার্যে ব্যবহৃত ড্রিলিং রিগ এবং জাহাজও অন্তর্ভুক্ত হইবে;

(খ) কোন উদ্যোগের কর্মচারী অথবা উক্ত উদ্যোগ কর্তৃক নিয়োগকৃত অন্য কোন ব্যক্তির মাধ্যমে পরামর্শ সেবাসহ অন্যান্য সেবা প্রদান, কেবলমাত্র উহা যদি উক্ত প্রকল্প বা তৎসংশ্লিষ্ট প্রয়োজনে চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্রে এককালীন বা সমষ্টিগতভাবে ১২০ (একশত বিশ) দিনের অধিক বিদ্যমান থাকে;

(গ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে খনিজ তৈলের সম্ভাব্যতা যাচাই, অনুসন্ধান ও উত্তোলনের উদ্দেশ্যে সেবা, সুবিধা, স্থাপনা ও ভাড়ার ভিত্তিতে যন্ত্রপাতি প্রদান করিয়াছে এইরূপ প্রতিষ্ঠান।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলি সত্ত্বেও নিম্নবর্ণিত বিষয়সমূহ ''স্থায়ী প্রতিষ্ঠান'' এর অন্তর্ভুক্ত হইবে না:

(ক) উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী কেবলমাত্র গুদামজাতকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;

(খ) কেবলমাত্র মওজুদকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সংরক্ষণ;

(গ) উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী কেবলমাত্র অন্য কোন উদ্যোগ কর্তৃক প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;

(ঘ) উদ্যোগের জন্য কেবলমাত্র দ্রব্য বা পণ্য সামগ্রী ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্ত ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;

(ঙ) বিজ্ঞাপন কার্যক্রমসহ কেবলমাত্র প্রস্তুতিমূলক বা সহায়ক ধরনের এইরূপ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;

(চ) উপ-দফা (ক) হইতে (ঙ) এ বর্ণিত যে কোন কার্যক্রমের সমন্বয়ের জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ, তবে শর্ত থাকে যে উক্ত ব্যবসার নির্দিষ্ট স্থানের সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের হয়।

৫। দফা ১ এবং ২-এ যাহা কিছুই থাকুক না কেন, যেক্ষেত্রে কোন ব্যক্তি, স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট (যাহার ক্ষেত্রে দফা ৭ প্রযোজ্য) ব্যতীত, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের পক্ষে কাজ করেন, সেইক্ষেত্রে উক্ত ব্যক্তি উক্ত উদ্যোগের জন্য যে সকল কার্য সম্পাদন করেন তজ্জন্য চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে উক্ত উদ্যোগের একটি স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে মর্মে গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তি:

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উক্ত উদ্যোগের নামে চুক্তি সম্পাদনের অধিকার সংরক্ষণ করেন এবং উহা অভ্যাসগতভাবে ব্যবহার করেন, যদিনা উক্ত ব্যক্তির কার্যক্রম দফা ৪-এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকে, যদি সেই কার্যক্রম ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হয়, তাহা হইলে ব্যবসার এই নির্দিষ্ট স্থান উক্ত দফার বিধানাবলির মাধ্যমে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না; অথবা

(খ) এইরূপ কোন অধিকার না থাকিলেও প্রথমোক্ত রাষ্ট্রে অভ্যাসগতভাবে কোন দ্রব্য বা পণ্যসামগ্রীর মওজুদ সংরক্ষণ করেন যে স্থান হইতে তিনি নিয়মিতভাবে উক্ত উদ্যোগের অনুকূলে দ্রব্য বা পণ্যসামগ্রী সরবরাহ করিয়া থাকেন।

৬। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন বিমা উদ্যোগ, পুনঃবীমাকরণের ক্ষেত্র ব্যতীত, যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন এজেন্ট, যাহার ক্ষেত্রে দফা ৭ এর বিধানাবলি প্রযোজ্য, ব্যতিরেকে অন্য ব্যক্তির মাধ্যমে কোন বিমা কিস্তি সংগ্রহ করিয়া থাকে অথবা ঝুঁকি বিমা সম্পাদন করিয়া থাকে, তাহা হইলে উক্ত উদ্যোগ অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৭। কোন উদ্যোগ যদি কোন চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রে উহার কোন দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন মধ্যস্থতাকারীর মাধ্যমে ব্যবসা পরিচালনা করে এবং যদি উক্ত ব্যক্তিগণ তাহাদের সাধারণ ব্যবসা পরিচালনাকালে কার্যরত থাকেন, তাহা হইলে কেবলমাত্র সেই কারণে উক্ত রাষ্ট্রে উক্ত উদ্যোগের কোন স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে মর্মে গণ্য হইবে না। তবে, কোন এজেন্টের কার্যক্রম সম্পূর্ণ বা প্রায় সম্পূর্ণভাবে যদি উক্ত উদ্যোগের পক্ষে নিয়োজিত হয় এবং উদ্যোগ ও এজেন্টের মধ্যে বাণিজ্যিক এবং আর্থিক সম্পর্কে প্রণীত বা আরোপিত শর্তসমূহ স্বাধীন মর্যাদাসম্পন্ন উদ্যোগের শর্তের ভিন্নরূপ হয়, তাহা হইলে এই অনুচ্ছেদের অধীন উক্ত এজেন্ট স্বাধীন মর্যাদাসম্পন্ন এজেন্ট হিসাবে গণ্য হইবেন না।

৮। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানিকে নিয়ন্ত্রণ করিলে অথবা তৎকর্তৃক নিয়ন্ত্রিত হইলে, অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান অথবা অন্য কোনভাবে ব্যবসা পরিচালনা করিলে উহা অপর কোন কোম্পানির স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে পরিগণিত হইবে না।

**অনুচ্ছেদ ৬**
**স্থাবর সম্পত্তি হইতে আয়**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কৃষি বা বনায়ন হইতে অর্জিত আয়সহ স্থাবর সম্পত্তি হইতে প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইনে ''স্থাবর সম্পত্তি'' যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বহন করিবে। যে কোন ক্ষেত্রেই উক্ত সংজ্ঞায় স্থাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বনায়নে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলি প্রযোজ্য হয় এইরূপ অধিকার, অন্যের স্থাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কাজের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনি, উৎসসমূহ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে। জাহাজ, নৌকা এবং উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। দফা ১ এর বিধানসমূহ স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া প্রদান বা অন্য যে কোন উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। দফা ১ ও ৩ এর বিধানসমূহ কোন উদ্যোগের স্থাবর সম্পত্তির আয় এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কর্মে ব্যবহৃত স্থাবর সম্পত্তির আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

## অনুচ্ছেদ ৭
## ব্যবসায়ের মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা না করে। উক্ত উদ্যোগ উক্তরূপে ব্যবসা পরিচালনা করিলে ইহার মুনাফা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ততটুকু করযোগ্য হইবে যতটুকু:

(ক) উক্ত স্থায়ী প্রতিষ্ঠান;

(খ) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বিক্রীত হয় এইরূপ একই বা সমজাতীয় পণ্য বা দ্রব্যসামগ্রী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বিক্রয়; অথবা

(গ) উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত একই বা সমজাতীয় ব্যবসায়িক কর্মকাণ্ড চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালনার স্বার্থে সম্পর্কিত।

২। দফা ৩ এর বিধানাবলি সাপেক্ষে, যেক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করে, সেইক্ষেত্রে যদি উহা স্বতন্ত্র ও পৃথক ব্যবসা প্রতিষ্ঠান হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলি পরিচালনা করিত এবং যদি উহা যে উদ্যোগের স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে লেনদেন করিত, তাহা হইলে উহার যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া অভিপ্রেত হয়, চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সেই পরিমাণ মুনাফা অর্জিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

৩। কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণের ক্ষেত্রে, কর সম্পর্কিত আইনের বিধানাবলি এবং সীমাবদ্ধতা সাপেক্ষে, উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার ব্যয়, উক্ত স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে অথবা অন্য যে স্থানেই সংঘটিত হউক না কেন, কর্তন হিসাবে বাদ যাইবে। কিন্তু এমন কোন ব্যয় এই কর্তনের আওতাভুক্ত হইবে না যাহা পেটেন্ট বা অন্য কোন সুবিধা প্রাপ্তির বিনিময়ে রয়্যালটি, ফিস বা অন্য কোন প্রকারে অথবা বিশেষ কোন সেবাদান বা ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাদি সম্পাদনের বিনিময়ে কমিশন, অথবা স্থায়ী প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণের সুদ,ব্যাংকিং প্রতিষ্ঠান ব্যতীত, স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের সদর দপ্তর বা অন্য কোন দপ্তরে পরিশোধ করা হয়। একইভবে, কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণের ক্ষেত্রে সদরদপ্তর বা অন্য কোন দপ্তরের নিকটবর্তী উক্ত স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক দাবিকৃত পরিশোধকে বিবেচনা করা যাইবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের প্রথানুযায়ী কোন স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা উহার উদ্যোগের বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বণ্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে দফা ২ এর কোন কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বণ্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবে না; তবে গৃহীত উক্ত বণ্টনরীতি এইরূপ হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

৫। কোন স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উহার উদ্যোগের জন্য দ্রব্য অথবা পণ্যসামগ্রী ক্রয় করা হইলে, কেবলমাত্র এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর কোন মুনাফা আরোপিত হইবে না।

৬। পূর্ববর্তী দফাসমূহের উদ্দেশ্য পূরণকল্পে, স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা প্রতি বৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে, যদি না উহার বিপরীতে সঠিক ও পর্যাপ্ত কারণ না থাকে।

৭। যেক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহার সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি দ্বারা উক্ত অনুচ্ছেদের বিধানাবলি ক্ষুণ্ন হইবে না।

## অনুচ্ছেদ ৮
## জাহাজ ও বিমান পরিবহন

১। আন্তর্জাতিক পরিবহন ক্ষেত্রে বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

২। আন্তর্জাতিক পরিবহন পথে জাহাজ চলাচল বাবদ অর্জিত মুনাফা চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যেগের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্রে অবস্থিত। অধিকন্তু, উক্ত অপর রাষ্ট্রের উদ্ভূত মুনাফার উপর উক্ত রাষ্ট্রের নিজস্ব আইনে যে কর ধার্য করা হইবে উহার ৫০ (পঞ্চাশ) ভাগের সমপরিমাণ কর হ্রাস করা যাইবে।

৩। কোন শিপিং উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র কোন জাহাজ বা নৌকায় অবস্থিত হইলে, উহা চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে অবস্থিত বলিয়া বিবেচিত হইবে যেখানে উক্ত জাহাজ বা নৌকার স্বদেশি পোতাশ্রয় অবস্থিত, অথবা উক্তরূপ কোন স্বদেশি পোতাশ্রয় না থাকিলে চুক্তি সম্পাদনকারী উক্ত দেশে অবস্থিত বলিয়া বিবেচিত হইবে যে দেশে উক্ত জাহাজ পরিচালনাকারী একজন নিবাসী।

৪। দফা ১ ও ২ এর বিধানাবলি কোন পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে এইরূপ উদ্যোগসমূহের অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফা এবং পণ্য বা দ্রব্যাদির পরিবহনের জন্য কন্টেইনার ব্যবহার হইতে এইরূপ উদ্যোগসমূহের অর্জিত আয়ের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ ৯**
**সহযোগী প্রতিষ্ঠান**

১। যেক্ষেত্রে :—

(ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধনে যুগপৎভাবে অংশগ্রহণ করে এবং উভয়ক্ষেত্রে যদি দুইটি উদ্যোগের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বতন্ত্র উদ্যোগ হিসাবে কাজ করিলে একইরূপ হইত না, সেইক্ষেত্রে কোন একটি উদ্যোগের যদি উক্ত শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত এইরূপ মুনাফাকে উক্ত উদ্যোগের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং তদানুযায়ী করারোপ করা যাইবে।

২। যেক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী কোন একটি রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের কোন উদ্যোগের করারোপণকৃত মুনাফাকে উক্ত রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা হিসাবে অন্তর্ভুক্ত করে এবং সে অনুযায়ী করারোপ করে এবং এইরূপভাবে অন্তর্ভুক্ত কোন মুনাফা যদি এইরূপ হয় যে উহা প্রথমোক্ত রাষ্ট্রের উদ্যোগের নিকট উদ্ভূত হইত যদি দুইটি উদ্যোগের মধ্যে বিদ্যমান শর্তসমূহ দুইটি স্বাধীন উদ্যোগের মধ্যে সম্পাদিতব্য শর্তের ন্যায় হয়, তাহা হইলে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র করারোপণকৃত উক্তরূপ মুনাফাকে যথাযথভাবে সমন্বয় করিবে। এইরূপ সমন্বয়ের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে এই চুক্তির অন্যান্য বিধানাবলি যথাযথভাবে পরিপালন করিতে হইবে এবং চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিষয়ে আলোচনা করিতে পারিবে।

**অনুচ্ছেদ ১০**
**লভ্যাংশ**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানি কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। এইরূপ লভ্যাংশের উপর কর যে কোম্পানি লভ্যাংশ প্রদান করিতেছে উহা চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী উক্ত রাষ্ট্রের আইনানুযায়ী সেই রাষ্ট্রেও আরোপ করা যাইতে পারে। কিন্তু গ্রহীতা যদি লভ্যাংশের সুবিধাভোগের মালিক হন, তাহা হইলে আরোপিত উক্ত করের পরিমাণ অতিক্রম করিবে না:

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ক) মোট লভ্যাংশের ১০(দশ) শতাংশ, যদি সুবিধাভোগের মালিক একটি কোম্পানি হয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানির শেয়ারের কমপক্ষে ১০ (দশ) শতাংশ সরাসরি ধারণ করে; এবং

(খ) অন্যান্য সকল ক্ষেত্রে মোট লভ্যাংশের ১৫ (পনের) শতাংশ।

উপযুক্ত কর্তৃপক্ষসমূহ পারস্পরিক সমঝোতার মাধ্যমে এইসব সীমাবদ্ধতার প্রায়োগিক পদ্ধতি নিষ্পন্ন করিবেন। এই দফা দ্বারা মুনাফা হইতে লভ্যাংশ পরিশোধিত হওয়ার ক্ষেত্রে কোম্পানির করারোপণ বাধাগ্রস্ত হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত ''লভ্যাংশ'' অর্থে শেয়ার, শেয়ার অথবা রাইটস, মাইনিং শেয়ার, ফাউন্ডারস শেয়ার অথবা ঋণের দাবি ব্যতীত অন্যান্য অধিকার, মুনাফায় অংশগ্রহণ এবং অন্যান্য কর্পোরেট অধিকার হইতে প্রাপ্ত আয় অন্তর্ভুক্ত হইবে যাহার উপর উক্ত আয় বিতরণকারী কোম্পানি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইনানুসারে শেয়ার আয়ের উপর যেরূপ করারোপণ করা হয় সেইরূপ করারোপণযোগ্য।

৪। লভ্যাংশের সুবিধাভোগের অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে লভ্যাংশ প্রদানকারী কোম্পানিটি নিবাসী, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিংয়ের বিনিময়ে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় উহা যদি কার্যকরভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট হয়, তাহা হইলে এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলি, ক্ষেত্রমত, প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন মুনাফা বা আয় প্রাপ্ত হইলে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোন কর আরোপ নাও করিতে পারে, তবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে কিংবা যে হোল্ডিংয়ের ব্যাপারে লভ্যাংশ প্রদান করা হয়, সেই হোল্ডিং উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কিত থাকার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, যদিও প্রদত্ত লভ্যাংশ বা অবণ্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত হইয়া থাকে, তা সত্ত্বেও কোম্পানির উক্ত অবণ্টনকৃত মুনাফার উপর কোন কর আরোপ করা হইবে না।

## অনুচ্ছেদ ১১
## সুদ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে লব্ধ সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উহার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইতে পারে।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

২। এইরূপ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে লব্ধ হয় সেই রাষ্ট্রের আইনানুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু গ্রহীতা যদি উক্ত সুদের সুবিধাভোগের অধিকারী হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১০ (দশ) ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এ যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্রে উদ্ভূত সুদ আয় উক্ত রাষ্ট্রে করমুক্ত হইবে যদি এইরূপ সুদের অর্জিত হওয়া এবং সুবিধাভোগের মালিক হয়:

(ক) অপর রাষ্ট্রের সরকার, রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় কর্তৃপক্ষ ; অথবা

(অ) বাংলাদেশের ক্ষেত্রে : বাংলাদেশ ব্যাংক;

(আ) ভুটানের ক্ষেত্রে : দি রয়েল মনিটরি অথরিটি ;

(খ) অন্য কোন প্রতিষ্ঠান যে বিষয়ে চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ সময়ে সময়ে পত্র বিনিময়ের মাধ্যমে সম্মত হইবেন।

৪। এই অনুচ্ছেদে বর্ণিত ''সুদ'' অর্থ বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ দাবি হইতে অর্জিত আয়, এবং বিশেষত সরকারি সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে অর্জিত আয় অন্তর্ভুক্ত হইবে। এই অনুচ্ছেদের উদ্দেশ্যে, সুদ অর্থে পরিশোধে বিলম্ব হওয়ার কারণে আরোপিত জরিমানামূলক চার্জসমূহ অন্তর্ভুক্ত হইবে না।

৫। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না যদি সুদের সুবিধাভোগের অধিকারী, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে সুদ উদ্ভূত হইয়াছে, সেখানে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা সেখানে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে ঋণ দাবির কারণে সুদ প্রদত্ত হইয়াছে উহা যদি কার্যকরভাবে সংশ্লিষ্ট হয়:

(ক) এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র, অথবা

(খ) অনুচ্ছেদ ৭ এর দফা ১(গ) এ উল্লিখিত ব্যবসায়িক কর্মকাণ্ডের সহিত।

এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলি, ক্ষেত্রমত, প্রযোজ্য হইবে।

৬। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে সুদ আয় তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন পরিশোধকারী উক্ত রাষ্ট্রের একজন নিবাসী। যেক্ষেত্রে, যে ব্যক্তি সুদ পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে তাহার কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে যে ঋণ-দায়ের বিপরীতে উক্ত সুদ পরিশোধ করা হইয়াছে উহা সৃষ্টি হওয়ার সহিত সম্পর্কিত এবং উক্ত সুদ উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেই ক্ষেত্রে উক্ত সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে মর্মে গণ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৭। যেক্ষেত্রে, সুদ পরিশোধকারী ও সুদ প্রাপ্তির অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ দাবি বাবদ সুদ প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদ পরিশোধকারী ও সুদ প্রাপ্তির অধিকারী যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবলমাত্র শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশটুকু চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

## অনুচ্ছেদ ১২
## রয়্যালটি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অর্জিত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে, উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। এইরূপ রয়্যালটি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী উহা সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু গ্রহীতা যদি রয়্যালটির সুবিধা প্রাপ্তির অধিকারী হয়, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ১০ (দশ) ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত ''রয়্যালটি'' অর্থ, অনুচ্ছেদ ১৪ এবং ১৫-এ উল্লিখিত সেবা এবং জনবল প্রদান ব্যতীত, যে কোন প্রকার পরিশোধ যাহা রেডিও, টেলিভিশন বা স্যাটেলাইট, ক্যাবল, অপটিক্যাল ফাইবার বা অনুরূপ প্রযুক্তির মাধ্যমে গণমাধ্যম সম্প্রচার, সিনেমাটোগ্রাফ ফিল্মসহ কোন সাহিত্য, শৈল্পিক বা বৈজ্ঞানিক গ্রন্থস্বত্ব, চৌম্বক টেপ, ডিস্ক অথবা লেজার ডিস্ক (কোমলসম্ভার), কোন পেটেন্ট, ট্রেড মার্ক, নকশা বা মডেল, পরিকল্পনা, গোপন ফর্মুলা বা প্রক্রিয়া ব্যবহার বা ব্যবহারের অধিকারের বিনিময় হিসাবে অথবা শিল্প, বাণিজ্য, কৃষি বা বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি, অথবা শিল্প, বাণিজ্য, কৃষি ও বিজ্ঞান বিষয়ক তথ্য অথবা বৈজ্ঞানিক জ্ঞান ও কারিগরি সহযোগিতা।

৪। দফা-১ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না যদি লভ্যাংশের সুবিধাভোগী স্বত্বাধিকারী হিসাবে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের স্থায়ী নিবাসী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের যেখানে রয়্যালটি উদ্ভূত হয়, সেই রাষ্ট্রে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থাপিত কোন নিদিষ্ট কেন্দ্রের মাধ্যমে সেই রাষ্ট্রে স্বতন্ত্র ব্যক্তিগত ব্যবসা পরিচালনা করে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় উহা যদি কার্যকরভাবে—

(ক) এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান অথবা নির্দিষ্ট কেন্দ্র, অথবা

(খ) অনুচ্ছেদ-৭ এর দফা (১)(গ)-তে উল্লিখিত ব্যবসায়িক কর্মকান্ডের সহিত সম্পর্কিত হয়।

এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ-৭ অথবা অনুচ্ছেদ-১৪ এর বিধানাবলি, ক্ষেত্রমত, প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

৫। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন রয়্যালটির পরিশোধকারী উক্ত রাষ্ট্রের নিবাসী হন। তবে রয়্যালটি পরিশোধকারী ব্যক্তি চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে যদি তাহার কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে এবং যাহার ক্ষেত্রে রয়্যালটি প্রদানের বাধ্যবাধকতা উদ্ভূত হইয়াছে এবং রয়্যালটি উক্ত প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রকে বহন করিতে হয়, তাহা হইলে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে মর্মে গণ্য হইবে যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রে অবস্থিত।

৬। যেক্ষেত্রে রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটির সুবিধা প্রাপ্তির অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের ও অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু রয়্যালটির ব্যবহার, অধিকার অথবা যে তথ্য বাবদ রয়্যালটি প্রদত্ত হয় উহার প্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির পরিমাণ, এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত রয়্যালটি প্রদানকারী এবং উহার সুবিধা প্রাপ্তির অধিকারীর সম্মতিক্রমে স্থিরকৃত পরিমাণ অপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবলমাত্র শেষোক্ত পরিমাণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে প্রদত্ত রয়্যালটির অতিরিক্ত অংশ এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ গুরুত্ব প্রদানপূর্বক চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্ব স্ব আইন অনুযায়ী করযোগ্য হইবে।

## অনুচ্ছেদ ১৩
## মূলধনী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর অনুচ্ছেদ ৬-এ বর্ণিত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে মুনাফা অর্জিত হইলে উহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসায়ী সম্পত্তির অংশ-বিশেষ এইরূপ অস্থাবর সম্পত্তি অথবা ব্যক্তিগত পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর ব্যবহারের জন্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্র সংশ্লিষ্ট কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তর বাবদ প্রাপ্ত মূলধনী মুনাফা, উক্ত স্থায়ী প্রতিষ্ঠান, এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে, অথবা এইরূপ নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তর বাবদ প্রাপ্ত অনুরূপ মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। আন্তর্জাতিক পরিবহনে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহনের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত মূলধনী মুনাফা চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

৪। চুক্তি সম্পাদনকারী কোন দেশের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তরজনিত লভ্যাংশ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

৫। দফা ১, ২ ও ৩ এ বর্ণিত সম্পত্তি ব্যতীত, অন্য কোন সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত মূলধনী মুনাফা, সম্পত্তি হস্থান্তরকারী, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী কেবলমাত্র সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ ১৪**
**স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি**

১। পেশাগত কার্যাদি অথবা স্বতন্ত্র ধরনের অন্যান্য কার্য বাবদ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক অর্জিত আয় কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, কিন্তু নিম্নবর্ণিত যে কোন একটি অবস্থার প্রেক্ষিতে কোন ব্যক্তির অনুরূপ আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে:

(ক) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে তাহার কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোন নির্দিষ্ট কেন্দ্র থাকে, তাহা হইলে সেইক্ষেত্রে আয়ের যতটুকু অংশ উক্ত নির্দিষ্ট কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত কেবলমাত্র ততটুকু চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে; অথবা

(খ) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর বা করবর্ষে শুরু বা শেষ হয় এইরূপ ১২ (বার) মাস সময় ব্যাপ্তিতে তাহার অবস্থান সাকুল্যে ১৮৩ (একশত তিরাশি) বা ততোধিক দিন হয়, তাহা হইলে আয়ের যে অংশটুকু চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রমের সহিত সম্পর্কিত কেবলমাত্র সেই অংশটুকুই চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। ''পেশাগত কার্যাদি'' অর্থ বিশেষভাবে বিজ্ঞান, সাহিত্য, শিল্প, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্তচিকিৎসক ও হিসাবরক্ষক এর স্বতন্ত্র কার্যাবলিও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**অনুচ্ছেদ ১৫**
**নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি**

১। অনুচ্ছেদ ১৬, ১৮, ১৯, ২০ এবং ২১ এর বিধানবলি সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক সম্পাদিত কর্ম বাবদ প্রাপ্ত বেতন, মজুরি ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত কর্ম চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত না হয়। উক্ত কর্ম অনুরূপভাবে সম্পাদিত হইলে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কর্মবাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি:

(ক) প্রাপক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর বা করবর্ষে শুরু বা শেষ হয় এইরূপ ১২ (বার) মাস সময় ব্যাপ্তিতে একবারে বা সাকুল্যে অনধিক ১৮৩ (একশত তিরাশি) দিন অবস্থান করেন; এবং

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) উক্ত অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং

(গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন করা না হয়।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক পরিবহনে কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন জাহাজ বা বিমানে সম্পাদিত কার্যাদি হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার স্থান অবস্থিত।

**অনুচ্ছেদ ১৬**
**পরিচালকগণের ফিস**

১। চুক্তি সম্পাদনকারী অপর রাষ্টের কোন কোম্পানির পরিচালনা বোর্ডের সদস্য অথবা অনুরূপ কোন কোম্পানির বোর্ডের তত্ত্বাবধায়ক হিসাবে চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক প্রাপ্ত পরিচালকের ফিস বা অনুরূপ কোন প্রাপ্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানির ব্যবস্থাপনার উচ্চ পদে আসীন চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক প্রাপ্ত বেতন, মজুরি বা অন্য কোন পারিতোষিক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

**অনুচ্ছেদ ১৭**
**শিল্পী ও ক্রীড়াবিদ**

১। অনুচ্ছেদ ১৪ ও ১৫ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক নাট্য, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী, কিংবা সংগীতজ্ঞের ন্যায় চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত তাহার ব্যক্তিগত কার্যাবলি ও ক্রীড়াকলাপ প্রদর্শনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। যেক্ষেত্রে কোন চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত ক্রীড়ানৈপুণ্য প্রদর্শনের বিনিময় হিসাবে লব্ধ আয় তাহার নিজের নিকট জমা না হইয়া অন্য কোন ব্যক্তির নিকট জমা হয়, সেইক্ষেত্রে উক্ত আয় অনুচ্ছেদ ৭, ১৪ ও ১৫ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদের অনুরূপ ক্রীড়া নৈপুণ্য প্রদর্শিত হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

৩। চুক্তি সম্পাদানকারী কোন রাষ্ট্রের কোন চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ এর নৈপুণ্য প্রদর্শনের মাধ্যমে লব্ধ আয় যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রধানত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র বা উহার কোন রাজনৈতিক উপ-বিভাগ বা কোন স্থানীয় কর্তৃপক্ষের পাবলিক ফান্ড হইতে অর্জিত হয়, সেইক্ষেত্রে দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ যে রাষ্ট্রের নিবাসী উক্ত রাষ্ট্রে এইরূপ আয় করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ ১৮**
**অবসর-ভাতা ও অ্যানুইটি**

১। অনুচ্ছেদ ১৯ এর দফা ২ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীকে চাকরি সমাপ্তিতে অতীত চাকরির বিবেচনায় প্রদত্ত অবসর-ভাতা ও অনুরূপ অন্যান্য ভাতাদি কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। এই অনুচ্ছেদে ব্যবহৃত:

(ক) "অবসর-ভাতা এবং অনুরূপ সম্মানি" অর্থ পূর্ববর্তী চাকরির বিবেচনায় অথবা পূর্ববর্তী চাকরি সূত্রে প্রাপ্ত আঘাতের ক্ষতিপূরণ স্বরূপ নির্দিষ্ট সময় অন্তর প্রদত্ত পরিশোধ; এবং

(খ) "অ্যানুইটি" অর্থে অর্থ বা অর্থের মূল্যমানের পরিপূর্ণ এবং সম্পূর্ণ প্রতিদান যাহা বাধ্যগতভাবে কোন ব্যক্তির নিকট নির্দিষ্ট সময় অন্তর নির্দিষ্ট সময়বৃত্তে জীবদ্দশায় পরিশোধযোগ্য কোন ঘোষিত পরিমাণকে বুঝাইবে।

**অনুচ্ছেদ ১৯**
**সরকারি চাকরি**

১। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা উক্ত রাষ্ট্রের কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ বা কর্তৃপক্ষকে সেবা প্রদানের বিনিময়ে কোন ব্যক্তিকে বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য ভাতা, অবসর-ভাতা ব্যতীত, প্রদান করিলে উহা কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

(খ) অধিকন্তু, এইরূপ বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকরি উক্ত অপর রাষ্ট্রে হয় এবং উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন যিনি:

(অ) উক্ত রাষ্ট্রের নাগরিক; অথবা

(আ) কেবলমাত্র চাকরির কারণে উক্ত রাষ্ট্রের নাগরিক হইতে পারেন নাই।

২। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র অথবা উহার কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষে চাকরির কারণে উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা গঠিত তহবিল হইতে পরিশোধিত অবসর-ভাতা কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে;

(খ) অধিকন্তু, এইরূপ অবসর-ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেই করযোগ্য, যদি উক্ত ব্যক্তি উক্ত রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।

৩। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র বা উক্ত রাষ্ট্রের কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট কোন সেবা প্রদানের জন্য প্রদত্ত বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য ভাতা এবং অবসর- ভাতার ক্ষেত্রে অনুচ্ছেদ ১৫, ১৬, ১৭ এবং ১৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

**অনুচ্ছেদ ২০**
**শিক্ষক ও গবেষক**

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাসী ছিলেন বা আছেন এইরূপ ব্যক্তি প্রথমে উল্লিখিত চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রের সরকার, বিশ্ববিদ্যালয় কলেজ, বিদ্যালয়, যাদুঘর অথবা অন্য কোন সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক অথবা কোন আনুষ্ঠানিক সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির আওতায় আমন্ত্রিত হইয়া চুক্তি সম্পাদনকারী অপর কোন রাষ্ট্রে অনধিক এক বৎসর কেবলমাত্র শিক্ষকতা, ভাষণ প্রদান, অথবা কোন প্রতিষ্ঠানে গবেষণা কার্যে লিপ্ত থাকেন, তবে এইরূপ ব্যক্তিকে প্রদত্ত সম্মানি উক্ত অপর রাষ্ট্রে করমুক্ত হইবে।

**অনুচ্ছেদ ২১**
**ছাত্র ও শিক্ষানবিশ**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাসী ছিলেন বা আছেন এইরূপ কোন ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিশ যিনি প্রথমোক্ত রাষ্ট্রে শুধুমাত্র তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত রহিয়াছেন, তিনি তাহার আবাসন খরচ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোন অর্থ প্রাপ্ত হইলে সেই অর্থের উপর উক্ত রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না, তবে শর্ত থাকে যে, এইরূপ প্রাপ্ত অর্থ উক্ত রাষ্ট্রের বহিঃর্ভূত কোন উৎস হইতে উদ্ভূত হইতে হইবে।

২। দফা ১- এ বর্ণিত ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিশ কর্তৃক দফা ১ এর আওতাধীন নহে এইরূপ কোন নিয়োগ হইতে প্রাপ্ত মঞ্জুরি, বৃত্তি এবং পারিশ্রমিকের ক্ষেত্রে এইরূপ শিক্ষা বা প্রশিক্ষণ সময়কালে তিনি যে দেশ সফর করিতেছেন সেই দেশের নিবাসীদের জন্য করারোপণের ক্ষেত্রে প্রযোজ্য অব্যাহতি, রেয়াত অথবা হ্রাসকৃত পরিমাণের সুবিধাদি প্রাপ্ত হইবেন।

**অনুচ্ছেদ ২২**
**অন্যান্য আয়**

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর এইরূপ কোন আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, উহা যেখানেই উদ্ভূত হউক না কেন, উক্ত আয় কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

**অনুচ্ছেদ ২৩**
**সরকার ও ইনস্টিটিউশনের আয়**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের সরকার চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত কোন আয় হইতে চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে করারোপ হইতে অব্যাহতিপ্রাপ্ত হইবেন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। এই অনুচ্ছেদের দফা-১ এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার অর্থ :

(ক) বাংলাদেশের ক্ষেত্রে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, যাহার অন্তর্ভুক্ত হইবে :

(অ) রাজনৈতিক উপ-বিভাগসমূহ, স্থানীয় কর্তৃপক্ষসমূহ, স্থানীয় প্রশাসন এবং স্থানীয় সরকারসমূহ;

(আ) বাংলাদেশ ব্যাংক;

(ই) চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্র সময় সময় সম্মত হইতে পারে এইরূপ ইনস্টিটিউশন বা প্রতিষ্ঠান;

(খ) ভুটানের ক্ষেত্রে, রাজকীয় ভুটান সরকার, যাহার অন্তর্ভুক্ত হইবে:

(অ) রাজনৈতিক উপ-বিভাগসমূহ, স্থানীয় কর্তৃপক্ষসমূহ, স্থানীয় প্রশাসন এবং স্থানীয় সরকারসমূহ;

(আ) দি রয়েল মনিটরি অথরিটি;

(ই) চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্র সময় সময় সম্মত হইতে পারে এইরূপ ইনস্টিটিউশন বা প্রতিষ্ঠান।

**অনুচ্ছেদ ২৪**
**দ্বৈত করারোপণ পরিহার পদ্ধতি**

